# জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০২০-২০২১

## (১ম কোয়ার্টার কার্যপত্র)

১। প্রেক্ষাপট ঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। এ কৌশলের মূল লক্ষ্য হল শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। সুখী সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়ে প্রণীত কৌশলে শুদ্ধাচারকে নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষ এবং কোন সমাজের কালোত্তীর্ণ মানদন্ড, প্রথা ও নীতির প্রতি আনুগত্য হিসাবে সংজ্ঞায়িত করা হয়েছে। এ কৌশলে রাষ্ট্র এবং সমাজের শুদ্ধাচার প্রতিষ্ঠা সরকারের সাংবিধানিক ও আইনগত স্থায়ী দায়িত্ব; সুতরাং সরকারকে অব্যাহতভাবে এই লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করতে হবে এই মর্মে উল্লেখ আছে।

এরই ধারাবাহিকতায় প্রায় সকল মন্ত্রণালয়/ বিভাগ/ অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ ১ জুলাই ২০১৬ থেকে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করছে। ২০১৮-২০১৯ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় প্রথমবারের মত সম্পাদিত কাজের বিপরীতে নম্বর প্রদান ও সে আলোকে মূল্যায়নের ব্যবস্থা রাখা হয়। ২০২০-২০২১ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় পূর্বে অনুসৃত কাঠামো অক্ষুন্ন রেখে বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারের আলোকে ও বাস্তব প্রেক্ষাপট বিবেচনায় এনে কিছু কার্যক্রমে পরিবর্তন সাধন করা হয়েছে।

সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহ তাদের স্ব স্ব জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ছাড়াও আওতাধীন আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়নে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।

উল্লেখ্য, মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা এবং আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নে সহায়তা করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ থেকে পৃথক ৩ টি নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। এই নির্দেশিকাসমূহ অনুসরণ করে মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ স্ব স্ব ক্ষেত্রে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন করবে এবং আওতাধীন দপ্তর/সংস্থা এবং আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নের জন্য নির্দেশনা প্রদান করবে। কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ বাস্তবায়ন শেষে মূল্যায়নের ক্ষেত্রেও এ নির্দেশিকা অনুসরণ করতে হবে।

২। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ ঃ

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন, শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল ও প্রজ্ঞাপন/পরিপত্র এর বাস্তবায়ন এবং প্রযোজ্য ক্ষেত্রে খসড়া প্রণয়ন; ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ, সুশাসন প্রতিষ্ঠা, প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার, ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার, স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ, শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম, শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার/প্রণোদনা প্রদান, অর্থ বরাদ্দ এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং কর্ম পরিবেশ উন্নয়ন শীর্ষক ১৩ টি বিষয়ে মোট ৩৮ টি কার্যক্রম নির্ধারণ করা হয় যা কর্ম-পরিকল্পনা সংযুক্ত করা হলো।

৩। **সিদ্ধান্তের বিষয় ঃ** ১ম কোয়ার্টার এর বাস্তবায়ন অগ্রগতি এর উপর সিদ্ধান্ত গ্রহণ এবং নির্দেশনা প্রদান।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এর ২৩তম সভার ১ম কোয়ার্টারের কার্যবিবরণী।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০২০-২০২১ বিষয়ে বোর্ডের মহাপরিচালক এবং বাপাউবো নৈতিকতা কমিটির আহবায়ক জনাব এ.এম. আমিনুল হক এর সভাপতিত্বে ২৮/০৯/২০২০ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় তাঁর সভাকক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় নৈতিকতা কমিটির সদস্যগণ ছাড়াও বোর্ডের বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানগণ এবং সভায় সংশ্লিষ্ট দপ্তরের অংশীজন (Stakeholders) উপস্থিত ছিলেন। বোর্ডের মহাপরিচালক এবং সভার সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচী সভায় উপস্থাপনের জন্য তিনি বোর্ডের নৈতিকতা কমিটির সদস্য-সচিব এবং বোর্ডের সচিব জনাব মোঃ মুজিবুর রহমানকে অনুরোধ জানান। তদপ্রেক্ষিতে বোর্ড সচিব সভাকে অবহিত করেন যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। ১ জুলাই, ২০১৬ সাল থেকে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করা হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন, শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল ও প্রজ্ঞাপন/পরিপত্র এর বাস্তবায়ন এবং প্রযোজ্য ক্ষেত্রে খসড়া প্রণয়ন, ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ, সুশাসন প্রতিষ্ঠা, প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার, ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার, স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ, শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমসহ ১৩ টি ক্ষেত্রে ৩১টি কার্যক্রম ১ম কোয়ার্টারে নির্ধারণ করা হয়েছে।

বিভিন্ন কার্যক্রমসমূহের বিপরীতে ২০২০-২০২১ অর্থ বছরে এ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| কার্যক্রমের নাম | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২০-২০২১ অর্থ বছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়নর অগ্রগতি পরীবিক্ষণ(২০২০-২০২১ অর্থ বছরের ১ম কোয়ার্টার) | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা.................................৮ | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা | বোর্ড সচিবালয় | ৪টি | ১টি | নির্ধারিত সভাটি ২৮/০৯/২০২০ তারিখে ১ম কোয়ার্টারের মধ্যে অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বোর্ড সচিবালয় | ১০০ | | বাস্তবায়ন প্রক্রিয়া চলমান রয়েছে। |
| ২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন.................................১০ | | | | |
| ২.১ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা | বোর্ড সচিবালয় | ২টি | - | - |
| ২.২ অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বোর্ড সচিবালয় | ২টি | - | - |
| ২.৩ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ পরিদপ্তর | ১৫০ | ৭৫ | করোনার কারনে লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি।তবে কর্মকর্তা-কর্মচারীগণের Motivation programme এর মাধ্যমে দৃষ্টিভঙ্গি পরিবর্তন জনিত প্রশিক্ষণ কর্মসূচী বিষয়ে মাসে কমপক্ষে ৪(চার) কর্মদিবস, অফিস শুরুর পরবর্তী ২০ মিনিট Inhouse প্রশিক্ষণ কর্মসূচী ব্যবস্থা করতে হবে।উক্ত কর্মসূচীতে প্রশিক্ষণের অন্যান্য বিষয়সমূহ অন্তর্ভুক্ত করা যেতে পারে। |
| ২.৪ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ পরিদপ্তর | ১৫০ | ২৫ | করোনার কারনে লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি।তবে Inhouse প্রশিক্ষণ কর্মসূচীর মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করতে হবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়াল ও প্রজ্ঞাপন/পরিপত্র-এর বাস্তবায়ন এবং প্রযোজ্য ক্ষেত্রে খসড়া প্রণয়ন............১০ | | | | |
| ৩.১ বাপাউবো কে অধিদপ্তরে রূপান্তরকরণের জন্য খসড়া বিধিমালা প্রণয়ন | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর | ২৫/৩/২০২১ | | ৩য় কোয়ার্টারে বাস্তবায়নের জন্য কার্যক্রম চলমান আছে। |
| ৩.২ ই-নথি বাস্তবায়ন সংক্রান্ত পরিপত্র জারী | বোর্ড সচিবালয় | ২৫/৯/২০২০ | ২৫/৯/২০২০ | ই-নথি বাস্তবায়ন সংক্রান্ত পরিপত্র বোর্ড সচিবালয় হতে জারী করা হয়েছে। |
| ৩.৩ স্থানীয় এবং বিদেশে প্রশিক্ষণ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন | অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা)/ অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন | ২৫/৩/২০২১ | - | - |
| ৪. ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ..............................৮ | | | | |
| ৪.১ সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ | আইসিটি সেল, প্রধান প্রকৌশলী (পুর) মনিটরিং এর দপ্তর | ২৫/৯/২০২০ | ২৫/৯/২০২০ | বাস্তবায়িত |
| ৪.২ স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ | বোর্ড সচিবালয় | ২৫/৯/২০২০ | ২৫/৯/২০২০ | বাস্তবায়িত |
| ৪.৩ স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর),প্রসেসিং পরিদপ্তর/আইসিটি সেল, প্রধান প্রকৌশলী (পুর) মনিটরিং এর দপ্তর | ২৫/৯/২০২০ | ২৫/৯/২০২০ | বাস্তবায়িত |
| ৪.৪ স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদকরণ | বোর্ড সচিবালয় | ২৫/৯/২০২০ | ২৫/৯/২০২০ | বাস্তবায়িত |
| ৪.৫ স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | প্রধান প্রকৌশলী (পুর) মনিটরিং এর দপ্তর | ২৫/৯/২০২০ | ২৫/৯/২০২০ | বাস্তবায়িত |
| | | | | |
| ৫. সুশাসন প্রতিষ্ঠা.......................৬ | | | | |
| ৫.১ উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ | শৃঙ্খলা পরিদপ্তর | ২৫/১২/২০২০ | - | - |
| ৫.২ অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ | বোর্ড সচিবালয় | ১০০ | ১০০ | বাস্তবায়িত |
| ৬. প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার..........................৬ | | | | |
| ৬.১ প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কার্যক্রম পরিদপ্তর | ২৫/৯/২০২০ | - | |
| ৬.২ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ | প্রধান প্রকৌশলী (পুর) মনিটরিং এর দপ্তর | ১০ | ১০ | |
| ৬.৩ প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদন সুপারিশ বাস্তবায়ন | প্রধান প্রকৌশলী (পুর) মনিটরিং এর দপ্তর/ স্ব স্ব প্রকল্প পরিচালক | ৫ | ৫ | |
| | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার........................................................................৭ | | | | |
| ৭.১ পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল | ২৫/৯/২০২০ | | |
| ৭.২ ই-টেন্ডারের মাধ্যমে ক্রয়কার্য সম্পাদন | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর),কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল | ১০ | | |
| ৮. স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ.......................১৪ | | | | |
| ৮.১ স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর | ২৫/৯/২০২০ | - | |
| ৮.২ শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন | স্ব স্ব দপ্তর প্রধান (স্ব স্ব অধিক্ষেত্রে) | ১ | ১ | |
| ৮.৩ শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | স্ব স্ব দপ্তর প্রধান (স্ব স্ব অধিক্ষেত্রে) | ১০০ | ১০০ | |
| ৮.৪ সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ | স্ব স্ব দপ্তর প্রধান (স্ব স্ব অধিক্ষেত্রে) | ২৫ | ২৫ | |
| ৮.৫ শ্রেণিবিন্যাসকৃত নথি বিনষ্টকরণ | স্ব স্ব দপ্তর প্রধান (স্ব স্ব অধিক্ষেত্রে) | ১০ | ১০ | |
| ৮.৬ প্রাতিষ্ঠানিক গণশুনানি আয়োজন | বোর্ড সচিবালয় | ৯ | - | |
| ৯. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম.......১৫ (অগ্রাধিকার ভিত্তিতে ন্যুনতম পাঁচটিকার্যক্রম) | | | | |
| ৯.১ হেল্প ডেস্ক সার্ভিসের উন্নয়ন | সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর | ২৫/৯/২০২০ | ২৫/৯/২০২০ | |
| ৯.২ সরাসরি দপ্তর প্রধানের সাথে সেবা প্রার্থীদের সাক্ষাতের ব্যবস্থা সহজীকরণ | স্ব স্ব দপ্তর প্রধান | ২৫/৯/২০২০ | ২৫/৯/২০২০ | |
| ৯.৩ মোটিভেশন (Motivation) এর মাধ্যমে দৃষ্টিভঙ্গি পরিবর্তন করে অফিসকে দালালমুক্ত করার ব্যবস্থা গ্রহণ | স্ব স্ব দপ্তর প্রধান | ২৫/৯/২০২০ | ২৫/৯/২০২০ | |
| ৯.৪ প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীর পরিচয়পত্র পরিধান বাধ্যতামূলককরণ | স্ব স্ব দপ্তর প্রধান (স্ব স্ব অধিক্ষেত্রে) | ২৫/৯/২০২০ | ২৫/৯/২০২০ | |
| ৯.৫ জনগণের সাথে ভাল আচরণে উৎকর্ষতা সাধন | স্ব স্ব দপ্তর প্রধান (স্ব স্ব অধিক্ষেত্রে) | ২৫/৯/২০২০ | ২৫/৯/২০২০ | |
| ১০. শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদান..............................৩ | | | | |
| ১০.১ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবংপুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | মহাপরিচালক | ৩০/৬/২০২১ | - | |
| ১১. কর্ম-পরিবেশ উন্নয়ন....................................................২ | | | | |
| ১১.১ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিও এন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ /পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) | কল্যাণ পরিদপ্তর এবং সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর | ২৫/৯/২০২০ | ২৫/০৯/২০২০ | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১২. অর্থ বরাদ্দ.................................................................৩ | | | | | |
| ১২.১ | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ | অর্থ পরিদপ্তর | ১০ লক্ষ | - | বাজেট বরাদ্দ প্রক্রিয়াধীন রয়েছে। |
| ১৩. পরিবীক্ষণ ও মূল্যায়ন.......................................৮ | | | | | |
| ১৩.১ | দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ স্ব স্ব মন্ত্রণালয় এবং ওয়েবসাইটে আপলোডকরণ | বোর্ড সচিবালয় | ১০/৮/২০২০ | ১০/৮/২০২০ | |
| ১৩.২ | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | বোর্ড সচিবালয় | ১৫/১০/২০২০ | ২৫/১০/২০২০ | অফিস স্থানান্তরের কারনে ওয়েবসাইটে আপলোড করতে বিলম্ব হয়েছে। |
| ১৩.৩ | আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | বোর্ড সচিবালয় | ১৫/১০/২০২০ | | |

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এ.এম. আমিনুল হক) 25-10-2020
মহাপরিচালক
বাপাউবো, ঢাকা।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।

ফোন : 
অফিস : ৯৫৫৫১৩৩
ফ্যাক্স : ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩

Phone :
Office : 9555133
Fax : 0088-02-9564763

স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.০৬.০০৬.১৯-২৬২ তারিখঃ ২৪-০৯-২০২০ খ্রিঃ

## দপ্তরাদেশ

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নৈতিকতা কমিটির সভা (২০২০-২০২১ অর্থ বছরের কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টার সভা) আগামী ২৮/০৯/২০২০ খ্রিঃ রোজ সোমবার বিকেল ৩.০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষে (ওয়াপদা ভবন, ৩য় তলা) বোর্ডের মহাপরিচালক ও নৈতিকতা কমিটির আহ্বায়ক জনাব এ.এম. আমিনুল হক এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

বিতরণ তালিকা এবং অনুলিপিতে বর্ণিত পদবীধারী কর্মকর্তাগণকে সভায় উপস্থিত থাকার জন্য আদিষ্টমতে অনুরোধ জানানো হলো।

সভার আলোচ্যসূচীঃ

ক) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর ১ম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি।
খ) বিবিধ

২৪/০৯/২০২০
মোঃ মুজিবুর রহমান
সচিব
বাপাউবো, ঢাকা ও
সদস্য-সচিব, নৈতিকতা কমিটি

বিতরণ ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়।)

১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা ও বোর্ডের নৈতিকতা কমিটির সদস্য।
২. অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাপাউবো, ঢাকা ও বোর্ডের নৈতিকতা কমিটির সদস্য।
৩. প্রধান প্রকৌশলী (পুর), চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা ও বোর্ডের নৈতিকতা কমিটির সদস্য।
৪. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো, ঢাকা ও বোর্ডের নৈতিকতা কমিটির সদস্য।
৫. সচিব, বাপাউবো, ঢাকা ও বোর্ডের নৈতিকতা কমিটির সদস্য-সচিব।
৬. পরিচালক, অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও বোর্ডের নৈতিকতা কমিটির সদস্য।

অনুলিপি ঃ কার্যার্থে ও জ্ঞাতার্থে।

১. পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি সেল, বাপাউবো, ঢাকা।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং সেকশন, বাপাউবো, ঢাকা।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৭. পরিচালক, অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৮. পরিচালক, শৃংখলা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৯. পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
১০. পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
১১. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২. অফিস/ মাস্টার কপি।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর ১ম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি (তাঁর দপ্তরের সাথে সম্পর্কিত বিষয়) প্রতিবেদন সভায় পেশ করতঃ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হ...।

অনুলিপি ঃ

১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি ~~সেল~~ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)